

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ৫, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১২ ফাল্গুন ১৪২০ বঙ্গাব্দ/২৪ ফেব্রুয়ারি ২০১৪ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৩২-আইন/২০১৪।—যেহেতু সরকার স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৩ এর উপ-ধারা (১) ও (২) এর বিধান মোতাবেক কতিপয় এলাকাকে মোংলাপোর্ট পৌর এলাকা বহির্ভূত ঘোষণার লক্ষ্যে বিদ্যমান পৌর এলাকা কর্তনের প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর সংশ্লিষ্ট এলাকার জনগণ ও সংশ্লিষ্ট পৌর পরিষদের মতামত গ্রহণপূর্বক প্রতিবেদন প্রেরণ করিবার জন্য জেলা প্রশাসক, বাগেরহাট' কে নির্দেশ দেওয়া হইয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী জেলা প্রশাসক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উল্লিখিত পৌরসভা হইতে নিম্ন তফসিলে বর্ণিত এলাকা কর্তন করতঃ উহার সীমানা সংকুচিত করিবার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার উক্ত প্রতিবেদন বিবেচনান্তে নিম্নতফসিলে বর্ণিত এলাকাসমূহকে মোংলাপোর্ট পৌরসভা হইতে কর্তন করতঃ উহার সীমানা সংকোচন করিবার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

(৯০০৭)

মূল্য : টাকা ৪.০০

সেহেতু সরকার উক্ত আইনের ধারা ৪ এর উপ-ধারা (৪) এর দফা (খ) তে প্রদত্ত ক্ষমতাবলে অত্র বিভাগের ২৮শে অক্টোবর ১৯৭৫ খ্রিঃ তারিখের জারীকৃত বিজ্ঞপ্তি এস,আর,ও নং-৩৭১-এল/৭৫/শা-৫/সি-১০/৭৫/২২৫ এর তফসিল হইতে বাগেরহাট জেলার মোংলাপোর্ট পৌরসভার নিম্নবর্ণিত এলাকা কর্তনপূর্বক এতদ্বারা আগামী ১৪ ফাল্গুন ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ২৬ ফেব্রুয়ারি ২০১৪ খ্রিঃ তারিখ হইতে (উক্ত তারিখসহ) মোংলাপোর্ট পৌরসভার পৌর এলাকার সীমানা সংকুচিত করিল।

তফসিল

| ক্রমিক নং | পৌরসভার নাম | মোজার নাম | জে এল নং | দাগ নং |
|--------------|----------------|-------------|-------------|--|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | মোংলাপোর্ট | কামারডাঙ্গা | ২০ | ১১৯, ১২১, ১২৩, ১২৫, ১৩৪, ১৩৭, ১৩৮, ১৩৯, ১৪০, ১৪১, ১৪২, ১৪৩, ১৪৪, ১৫০, ১৫১, ১৫২, ৭১৩, ৭১৫, ৭১৬, ৭২০, ৭৯৫, ৮০৬, ৮০৭, ৮০৮, ৮০৯, ৮১০, ৮১১, ৮১২, ৮১৩, ৮১৪, ৮২২, ৮২৩, ৮২৪, ৮২৭, ৮২৯, ৮৩০, ৮৩১, ৮৩২, ৮৩৩, ৮৩৪, ৮৩৫, ৮৩৬, ৮৩৭, ৮৩৮, ৮৩৯, ৮৪০, ৮৪১, ৮৪২, ৮৪৩, ৮৪৪, ৮৪৫, ৮৪৭, ৮৪৮, ৮৪৯, ৮৫১, ৮৫২, ৮৫৩, ৮৫৪, ৮৫৫, ৮৫৬, ৮৫৭, ৮৫৮, ৮৫৯, ৮৬০, ৮৬১, ৮৬২, ৮৬৩, ৮৬৪, ৮৬৫, ৮৬৬, ৮৬৭, ৮৬৮, ৮৬৯, ৮৭০, ৮৭১ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ খলিলুর রহমান

উপ-সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

শাহ্-ই-আলম পাটোয়ারী, ভারপ্রাপ্ত উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd